# Enforcement of Birth and Death Registration Act, 2004 and Declaration of the Universal Birth Registration Programme



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা
১৯ আষাঢ় ১৪১৩
০৩ জুলাই ২০০৬

## বাণী

৩ জুলাই ২০০৬ থেকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ কার্যকর হচ্ছে জেনে আমি আনন্দিত। জাতীয় পরিকল্পনা প্রণয়ন, সুশাসন, শিশুর বয়স ও জাতীয়তা নির্ধারণসহ শিশু অধিকার সংরক্ষণের স্বার্থে দেশের প্রতিটি নাগরিকের জন্ম নিবন্ধন একান্ত জরুরী। জন্ম সনদ ব্যবহারের ক্ষেত্র সীমিত থাকায় ১৮৭৩ সালের জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন কাঙ্ক্ষিত ভূমিকা রাখতে পারেনি। এ বিবেচনায় ১৮৭৩ সালের জন্ম ও মৃত্যু আইন বাতিল করে যুগোপযোগী করে প্রণীত হয়েছে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪। স্বল্প সময়ের মধ্যে দেশের ১০০ ভাগ জনগোষ্ঠীর জন্ম নিবন্ধন নিশ্চিতকরণের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সর্বজনীন জন্ম নিবন্ধন কর্মসূচি গ্রহণের উদ্যোগকে আমি স্বাগত জানাই। আমি আশা করি জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি সংস্থা এবং স্বেচ্ছাসেবী সংগঠনের সম্মিলিত প্রচেষ্টায় ও সর্বস্তরের জনসাধারণের সহায়তায় জন্ম নিবন্ধন আইন সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও সর্বজনীন জন্ম নিবন্ধন কর্মসূচি সফল হবে।

আমি এ কর্মসূচির সফলতা কামনা করি।

আল্লাহ হাফেজ, বাংলাদেশ জিন্দাবাদ।

মুহম্মদ জমিরউদ্দিন সরকার
ব্যারিস্টার মুহম্মদ জমিরউদ্দিন সরকার
অস্থায়ী রাষ্ট্রপতি



মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

## বাণী

বাংলাদেশে শিশু অধিকার প্রতিষ্ঠা এবং শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন বাস্তবায়নের লক্ষ্যে সরকার জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ বলবৎ করেছে। অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন, আদম শুমারী ও সঠিক তথ্য উপাত্ত নিরূপণের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব এবং তাৎপর্য অত্যন্ত ব্যাপক। এটা খুবই আনন্দের বিষয় যে, সর্বজনীন জন্ম নিবন্ধনকে সফল ও কার্যকর করতে সারা দেশে একই রকম আবেদন ফরম, নিবন্ধন বই ও সনদপত্র প্রচলন করা হয়েছে। সকল নাগরিক যাতে অনায়াসে জন্ম নিবন্ধন সনদপত্র পেতে পারেন তার জন্য জন্ম নিবন্ধন প্রক্রিয়া সহজ ও আধুনিক প্রযুক্তি নির্ভর করা হয়েছে। ব্যবস্থা নেয়া হয়েছে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয় জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের। ইতোমধ্যে ৬৪টি জেলার ৬৪টি ইউনিয়নসহ ভোলা ও লালমনিরহাট জেলায় শতভাগ জন্ম নিবন্ধন সম্পন্ন হয়েছে এবং আরো কয়েকটি জেলায় শীঘ্রই শতভাগ জন্ম নিবন্ধন সম্পন্ন হবে।

আমি আশা করি সরকারি-বেসরকারি, দাতা সংস্থা, স্বেচ্ছাসেবী ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং দেশবাসীর সম্মিলিত প্রয়াসে সবার জন্য জন্ম-মৃত্যু নিবন্ধন নিশ্চিত হবে।

আমি এ কর্মসূচীর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

আবদুল মান্নান ভূঁইয়া



প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

বিশ্বের প্রথম ২২টি দেশের মধ্যে বাংলাদেশ শিশু অধিকার সনদে অনুস্বাক্ষরকারী একটি দেশ। রাষ্ট্রীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়ন, শিশু অধিকার সনদ বাস্তবায়নসহ বিভিন্ন ক্ষেত্রে জন্ম নিবন্ধনের প্রয়োজনীয়তা অপরিসীম। এ প্রেক্ষিতে সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গীকার হিসেবে শিশু অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৮৭৩ সালের পুরনো আইন যুগোপযোগী করে নতুনভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ প্রণয়ন নিঃসন্দেহে একটি যুগান্তকারী ঘটনা। আগামী ৩ জুলাই ২০০৬ তারিখে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ কার্যকরকরণ ও সর্বজনীন জন্ম নিবন্ধন কর্মসূচী ঘোষণার কথা জেনে আমি অত্যন্ত আনন্দিত। আমি আশা করি, জন্ম নিবন্ধনের মাধ্যমে সমাজের সুবিধাবঞ্চিত সকল শিশুর আইনী সহায়তা নিশ্চিত করা সম্ভব হবে। স্বল্প সময়ে দেশের শতভাগ জনগোষ্ঠীর জন্ম নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করে অন্যতম দেশ হিসেবে আমরা বিশ্বের বুকে স্থান করে নিতে পারবো বলে আমার বিশ্বাস।

আমি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সূচিত সার্বজনীন জন্ম নিবন্ধন কার্যক্রমে দেশের সকল জনসাধারণের সার্বিক সহযোগিতা কামনা করি।

ড. কামাল উদ্দিন সিদ্দিকী



## Message

unicef

Birth Registration is a significant step towards fulfilling child rights. The current rate of birth registration in Bangladesh is very low even compared to other South Asian countries. Gaps in a reliable and functioning birth registration system make age verification difficult and create obstacles in implementing programmes related to realizing the rights of the child.

UNICEF has always been an ally to the Government of Bangladesh in establishing a Universal Birth Registration system as stipulated in Article 7 of the Convention on the Rights of the Child (CRC). Every child has the right to a name and nationality.

We welcome the enforcement of Births and Deaths Registration Act 2004 from July 3, 2006. It is a significant step towards achieving the target, and brings along the offer of birth registration and certification free of cost until July 2, 2008. This is expected to create the momentum and demands for birth registration required for a universal coverage.

While registering births through formal sectors such as schools and health outreach, we must not forget about the marginalized population segments. NGOs may be enrolled to contribute in this regard. The Universal Birth Registration partnership needs to find ways to reach the hard-to-reach children and adults.

I wish success to Bangladesh's strides toward achieving Universal Birth Registration by 2008.

Rosella Morelli
Officer-In-Charge
UNICEF Bangladesh

## এক নজরে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪

বিগত ৩০ শে নভেম্বর ২০০৪ 'জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪' জাতীয় সংসদে গৃহীত হয়েছে। গত ১৩ জুন, ২০০৬ এ 'জন্ম ও মৃত্যু নিবন্ধন (সংশোধনী) আইন' পাশ হয়েছে। ৩ জুলাই ২০০৬ তারিখ হতে নতুন আইন কার্যকর করা হচ্ছে। এ আইন অনুসারে বাংলাদেশের সকল নাগরিকের জন্য জন্ম নিবন্ধন বাধ্যতামূলক।

**নতুন আইনে যেসব ক্ষেত্রে জন্ম সনদ বাধ্যতামূলক করা হয়েছে:**
● শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি; ● বিবাহ নিবন্ধন; ● পাসপোর্ট প্রাপ্তি; ● ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি; ● সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী; ● ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তি; ● জমি রেজিস্ট্রেশন; ● বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য ক্ষেত্রে।

**বিধি দ্বারা অতিরিক্ত যেসব ক্ষেত্রে জন্ম সনদ বাধ্যতামূলক করা হয়েছে:**
● ব্যাংক একাউন্ট খোলা; ● আমদানী বা রপ্তানী বা উভয় লাইসেন্স প্রদান; ● গ্যাস, পানি, টেলিফোন ও বিদ্যুৎ সংযোগ প্রদান; ● ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (TIN) প্রদান; ● ঠিকাদারী লাইসেন্স প্রদান; ● বাড়ির নক্সা অনুমোদন; ● গাড়ি রেজিস্ট্রেশন; ● ট্রেড লাইসেন্স প্রদান ● জাতীয় পরিচয় পত্র প্রাপ্তি।

**তবে জন্ম ও মৃত্যু নিবন্ধন (সংশোধনী) আইন মোতাবেক নতুন আইন কার্যকর তারিখ থেকে ১ বছর পর্যন্ত এসব বাধ্যবাধকতা থেকে জনগণকে অব্যাহতি প্রদান করা হয়েছে।**

***নতুন আইনের বিশেষ সুবিধা বা ছাড়:*** "নিবন্ধক নির্ধারিত ফি গ্রহণপূর্বক জন্ম সনদ প্রদান করবেন। তবে নতুন আইন কার্যকর হওয়ার পূর্বে জন্ম গ্রহণকারী ব্যক্তিদের এ আইন কার্যকর হওয়ার ২ বছরের মধ্যে কোন ফি ছাড়া জন্ম নিবন্ধন করা যাবে।"

**নতুন আইন মোতাবেক নিম্নলিখিত ব্যক্তিগণ নিবন্ধকের দায়িত্ব পালন করবেন:**
ক) ইউনিয়ন এলাকা : ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান; খ) পৌর এলাকা : পৌর চেয়ারম্যান বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি; গ) সিটি কর্পোরেশন : মেয়র বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি; ঘ) ক্যান্টনমেন্ট এলাকা: ক্যান্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি ও ঙ) বিদেশে :সংশ্লিষ্ট দেশে নিযুক্ত রাষ্ট্রদূত বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি।

**যারা জন্ম ও মৃত্যু নিবন্ধনে সহায়তা করবেন:**
১) ইউনিয়ন পরিষদের সদস্য এবং সচিব ২) গ্রাম পুলিশ; ৩) সিটি কর্পোরেশন বা পৌরসভার কমিশনার; ৪) ইউনিয়ন পরিষদের, পৌরসভা বা সিটি কর্পোরেশন অথবা ক্যান্টনমেন্ট এলাকার নিয়োজিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মী; ৫) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সেক্টরে নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠানের (এনজিও) মাঠকর্মী; ৬) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষকগণ; ৭) কোন সরকারী বা বেসরকারী হাসপাতাল বা ক্লিনিক বা মাতৃসদন বা অন্য কোন প্রতিষ্ঠানে জন্মগ্রহণ ও মৃত্যুবরণের ক্ষেত্রে উহার দায়িত্বপ্রাপ্ত মেডিক্যাল অফিসার অথবা ডাক্তার বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা; ৮) কোন গোরস্থান বা শ্মশানঘাটের তত্ত্বাবধায়ক; ৯) নিবন্ধক কর্তৃক নিয়োজিত অন্য কোন কর্মকর্তা বা কর্মচারী; ১০) জেলখানায় জন্ম ও মৃত্যুর ক্ষেত্রে জেল সুপার বা জেলার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি; ১১) পরিত্যক্ত শিশু বা সাধারণ স্থানে পড়ে থাকা পরিচয়হীন মৃতব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা; ১২) নির্ধারিত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান।

**নিবন্ধকের দায়-দায়িত্ব:**
সকল শিশুর জন্ম ও মৃত্যু নিবন্ধন করা; নিবন্ধনের জন্য প্রয়োজনীয় ফরম সরবরাহ, সার্টিফিকেট, নিবন্ধন বহি, জন্ম ও মৃত্যু সনদ সরবরাহ নিশ্চিতকরণ; জন্ম -মৃত্যু রেকর্ড বা নিবন্ধন বহি সংরক্ষণ করা; জন্ম সনদ ইস্যু ও সরবরাহ করা; নিবন্ধনের জন্য প্রয়োজনীয় মালামালের স্টক নিয়ন্ত্রণ; নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি কর্মসূচী গ্রহণ; নিবন্ধন অগ্রগতি মূল্যায়ন; কম্পিউটার প্রযুক্তির মাধ্যমে বা অন্যবিধ উপায়ে জন্ম বা মৃত্যু নিবন্ধন বহিতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ; স্বাস্থ্যকর্মী বা পরিবার পরিকল্পনা কর্মীর নিকট হতে জন্ম ও মৃত্যু নিবন্ধন আবেদন পত্র সংগ্রহ এবং জন্ম সনদ বিতরণের জন্য প্রেরণ।

**নিবন্ধকের ক্ষমতা:**
নিবন্ধক নিজে বা তার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি দ্বারা জন্ম তথ্যের সত্যতা যাচাই করতে পারবেন; তথ্যের সত্যতা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক নিযুক্ত করতে পারবেন; নির্দিষ্ট সময়ের মধ্যে কেউ নিবন্ধন না করালে নিবন্ধক নোটিশ পাঠাতে পারবেন; তদন্তের স্বার্থে নিবন্ধন বহি তলব করতে পারবেন ও সাক্ষী প্রদানের জন্য কাউকে ডাকতে পারবেন।

## Birth Registration in Bangladesh

**M. Shafiqul Islam**
Project Director (Deputy Secretary), *Birth & Death Registration Project, Local Govt. Division*

***What is Birth Registration?***
Birth Registration is a process through which a person's birth information i.e. name, sex, place and date of birth, parents' name and nationality etc. are recorded in the office of the Registrars. Birth registration will only complete when a person receives birth certificate.

***Who is Registrar?***
According to Birth and Deaths Registration Act-2004, Union Parishad Chairman, Pouroshava Chairman, City Corporation Mayor, Cantonment Board President and Ambassador or High Commissioner of Bangladesh in abroad are the Registrars of births and deaths.

***Birth and Death Registration Act, 2004***
Government of Bangladesh has passed Birth and Death Registration Act, 2004 which will enter into force from 3 July 2006. According to this Law, every individual born in Bangladesh and Bangladeshi Citizen born outside will have to undergo birth registration process. The new legal framework allows free registration for all within two years from the effectiveness of the Law.

The Law termed birth certificate as a proof of one's age and identity to have access for certain services which includes: Passport, Marriage Registration, Admission in Educational Institute (without birth certificate admission can't be refused at this moment), employment in Government and Private sector, Driving License, Voter List and Registration of Lands. It may be noted here that a recent amendment on the Law has waived the compulsion of producing birth certificate for these services until 2 July 2007.

***Process birth registration***
According to the Law, birth registration can be done through: (a) direct contact with the Registrars, (b) the assistance of educational institutions, and (c) the assistance of health and family planning workers responsible for EPI services.

***Government's initiatives to promote Birth Registration***
The Government of Bangladesh, since 1996, with support from UNICEF and some other Development Partners including European Commission, Plan-Bangladesh, Save the Children Australia, the Governments of Netherlands, Australia and Switzerland, initiated different pilot initiatives to identify a low cost and sustainable process of birth registration in Bangladesh. Legal reform along with development of standard administrative and advocacy materials were pursued. A set of social mobilization activities under the banner of campaign in half of the country were undertaken which led the rate of registration up to 10% so far.

***Birth Registration by 2008.***
Recently the Government has decided to have birth registration for all by 2008. Under this programme, students at primary and secondary educational intuitions will be registered. After that volunteers will be engaged to collect birth data of the remaining population through home visit.

The initiative requires the capacity development of Registrars offices to collect accurate information, supply of adequate birth registration application forms, certificates and register books. Community participation should be considered as crucial for achieving birth registration of all.

I would expect the support of NGOs and development partners to accomplish this challenging job to establish good governance in Bangladesh.

## Role of Development Partners in achieving Universal Birth Registration in Bangladesh.

As per the Article-7 of the UN Convention of the Rights of the Child, which has been retified by the Government of Bangladesh, every child must be registered immediately after birth to ensure their name and nationality . Development Partners, especially UNICEF, European Commission, Plan-Bangladesh, Save the Children Australia and the Governments of Netherlands, Switzerland and Australia have been assisting Government of Bangladesh and NGOs to implement this primary child right.

Local Government Division has been implementing Birth and Death Registration Project since 2001 with technical and financial support from UNICEF. The supports of all Development Partners helped achieving legal reform on Births and Deaths Registration Act and its corresponding Rules, standardization of administrative and communication materials, development of software on Birth Registration Information System (BRIS). UNICEF support campaigns for birth registration in twenty-four districts. Plan Bangladesh also supported campaigns in four districts. In addition to that all Registrars and key duty bearers were trained on birth registration process.

It is expected to have huge demand of birth certificate immediately after commencement of Birth Registration Act from 3 July 2006. It is also expected that the Government and Development Partners will work together to face this huge challenge.



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১৪ আষাঢ় ১৪১৩
২৮ জুন ২০০৬

## বাণী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ ৩ জুলাই ২০০৬ থেকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ কার্যকর করার পাশাপাশি ২০০৮ সালের মধ্যে শতভাগ নাগরিকের জন্ম নিবন্ধন সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করেছে। আমি এ উদ্যোগকে স্বাগত জানাই। এই কর্মসূচি অত্যন্ত অর্থবহ ও সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

উন্নয়নের পথে অনেক বাধা এবং বাস্তব অসুবিধা সত্ত্বেও আর্থ-সামাজিক বিভিন্ন সেক্টরে বাংলাদেশ প্রশংসনীয় অগ্রগতি অর্জন করেছে। এ অগ্রগতির ধারাকে আরো বেগবান করার জন্য উপযুক্ত পরিকল্পনা প্রণয়নে ও বাস্তবায়ন আবশ্যক। বয়সভিত্তিক জনসংখ্যার সঠিক পরিসংখ্যান পরিকল্পনা প্রণয়নে অত্যন্ত সহায়ক। দেশের সকল নাগরিকের জন্ম নিবন্ধন এজন্য খুব জরুরী। শিশু অধিকার বাস্তবায়নেও এর বিশেষ গুরুত্ব রয়েছে।

আমি আশা করি, বিভিন্ন সরকারি, বেসরকারি ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, দাতা সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সম্মিলিত প্রচেষ্টা এবং জনগণের সক্রিয় সহযোগিতায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মসূচি শতভাগ সফল হবে। এজন্য আমি সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার উদাত্ত আহ্বান জানাই।

আমি স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের নেয়া এ কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করি।

আল্লাহ হাফেজ, বাংলাদেশ জিন্দাবাদ।

খালেদা জিয়া



প্রতিমন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

## বাণী

পোলিও রোগ নির্মূলের লক্ষ্যে এবং ভিটামিন 'এ' এর অভাবজনিত সমস্যা নির্মূল করার অঙ্গীকারে দেশ থেকে রাতকানা রোগের হার ০ (শূন্য) ভাগে নামিয়ে আনার সফলতাকে ধরে রাখার প্রেক্ষাপটে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ সম্প্রসারিত টীকাদান কর্মসূচী (ই.পি.আই)-র পরিচালনায় বিশেষ জাতীয় টীকা দিবস ২০০৬ ও জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের পরিচালনায় জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ২০০৬ আগামী ১১ জুন ২০০৬ (২৮জ্যৈষ্ঠ ১৪১৩) তারিখে পালিত হচ্ছে।

ভিটামিন 'এ' যে শুধু শিশুদের অন্ধত্বের মত ভয়াবহ রোগ থেকেই রক্ষা করে তা নয়। সাম্প্রতিককালে বেশ কিছু গবেষণায় দেখা গেছে যে, ভিটামিন 'এ' শিশুদের হাম, নিউমোনিয়া, ডায়রিয়াসহ সংক্রামক রোগের জটিলতা কমিয়ে শিশু মৃত্যুর হার হ্রাস করে।

আসন্ন এই বিশেষ জাতীয় টিকা দিবস ও জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন দিবসে শিশুদের পোলিও টীকা, ভিটামিন 'এ' (২ লক্ষ আই.ইউ) ও কৃমিনাশক বড়ি খাওয়ানো হবে। জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন এর অংশ হিসেবে এই দিনে সন্তান জন্মের ৬ সপ্তাহের মধ্যে মা-কে ও ৯ থেকে ১১ মাসের শিশুদের ভিটামিন 'এ' খাওয়ানো, আয়োডিন এর অভাবজনিত সমস্যা ও পুষ্টি সম্পর্কে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে শিক্ষা প্রদান করা হবে।

বিশেষ জাতীয় টীকা দিবস ২০০৬ ও জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন জুন -২০০৬ স্বাস্থ্য সেবার মানোন্নয়নে বিশেষ অবদান রাখবে বলে আমার বিশ্বাস।

আমি বিশেষ জাতীয় টীকা দিবস ২০০৬ ও জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন ২০০৬ এর সফলতা কামনা করি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাই।

জিয়াউল হক জিয়া



সচিব
স্থানীয় সরকার বিভাগ

## বাণী

১৩৩ বছরের পুরাতন জন্ম ও মৃত্যু নিবন্ধন আইনের সর্বজনগ্রহিতার অভাব ও প্রায়োগিক দুর্বলতার কারণে জন্ম-মৃত্যু নিবন্ধনের মত একটি গুরুত্বপূর্ণ বিষয় এখনও আমাদের দেশে সামগ্রিকভাবে কার্যকর করা সম্ভব হয়নি। ব্যক্তির পরিচিতি নিশ্চিতকরণ, ভোটার তালিকা প্রণয়ন, বয়স ও লিঙ্গভিত্তিক জনসংখ্যা শ্রেণী বিন্যাস এবং জনমিতি সংক্রান্ত অন্যান্য তথ্যাদি সংরক্ষণ ইত্যাদি ক্ষেত্রে জন্ম নিবন্ধনের আবশ্যকতা অনস্বীকার্য। দেশে জন্ম ও মৃত্যু নিবন্ধন বাস্তবায়িত না হওয়ার কারণে পাসপোর্ট জালিয়াতি, জাল দলিল সম্পাদন, মিথ্যা পরিচয়ে অপরাধ সংঘটন, বাল্য বিবাহ ও শিশু পাচার প্রতিরোধ করা এবং শিশুশ্রম বন্ধ করা দুঃসাধ্য হয়ে পড়েছে।


এ সকল সামাজিক সমস্যা দূরীকরণ এবং জাতির সামগ্রিক উন্নয়ন সাধনে সকল নাগরিকের জন্ম নিবন্ধন নিশ্চিত করা এখন সময়ের প্রবল দাবী। এ দাবী মেটাতেই স্থানীয় সরকার বিভাগ সকল জনপ্রতিনিধি, সরকারী-বেসরকারী চাকুরীজীবী, বুদ্ধিজীবী, সমাজকর্মী ও বিশেষজ্ঞ ব্যক্তিবর্গের সহায়তায় আগামী ২০০৮ সালের মধ্যে সকল জনসাধারণের জন্ম নিবন্ধন সম্পন্ন করার লক্ষ্য স্থির করেছে। ১৮৭৩ সনের জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন বাতিল করে যুগোপযোগী জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ প্রণয়নপূর্বক আজ ৩ জুলাই, ২০০৬ হতে এ লক্ষ্য অর্জনের জন্য কার্যক্রম শুরু করা হচ্ছে। এ গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় দায়িত্বের সাথে সম্পৃক্ত হতে পেরে আমি নিজকে ধন্য মনে করছি।

মাননীয় প্রধানমন্ত্রীর দিক-নির্দেশনায়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং প্রতিমন্ত্রী মহোদয়গণের আন্তরিক উদ্যোগ ও পৃষ্ঠপোষকতা, বিভিন্ন দাতা সংস্থা ও এনজিও, সেবাধর্মী প্রতিষ্ঠান, সমাজকর্মী, বুদ্ধিজীবী ও গণমান্য ব্যক্তিবর্গের সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গৃহীত এ কর্মসূচী শতভাগ সাফল্য অর্জন করবে ইনশাল্লাহ।

আমি সার্বজনীন জন্ম নিবন্ধন কর্মসূচী সফলভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি। সাথে সাথে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন সুষ্ঠুভাবে বাস্তবায়নের মাধ্যমে সারাদেশে জন্ম নিবন্ধন একটি চলমান প্রক্রিয়া হিসেবে অব্যাহত থাকবে আশা করছি।

আল্লাহ হাফেজ
বাংলাদেশ জিন্দাবাদ

(এস.এম. জহুরুল ইসলাম)



## Message

Plan
Be a part of it.

Plan Bangladesh is honored to be part of the effort to achieve 100% Birth Registration in Bangladesh. Plan believes this joint initiative will contribute to achieving the goal and this declaration is a milestone for achieving 100% Birth Registration for all the citizen of Bangladesh.

Plan's goal has been to promote children's rights and dignity through creating an environment where the children can realize and explore their full potential. For more than seventy years, in 46 countries, Plan has been working to achieve this goal. Plan has been working in Bangladesh since 1993 in rural and urban areas including Dhaka. It is our honor to work in the field of child rights and promote birth registration along with UNICEF and the Government and People of Bangladesh.

Edward Thomas Espey
Country Director – Plan Bangladesh

**Local Government Division**
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Government of People's Republic of Bangladesh

Supported by

UNICEF

Plan
Be a part of it.
Plan Bangladesh

Forum of Environmental Journalists of Bangladesh

Govt. of the Netherlands, Australia & Switzerland, EU, NILG, BARD, RDA, Save the Children Alliance, Save the Children Australia, Bangladesh Scouts, BRAC, CMES, BSAF, Ain-O-Salish Kendra, BNWLA, FIVDB, Steps, GUS, Uddipon and Prova.